দৈনিক সংবাদ

JUN. 17 2002

# ঢাবিতে আজ উপাচার্য প্যানেল নির্বাচন

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ আজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্যানেল নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। সিনেট কর্তৃক নির্বাচিত তিন সদস্যের ভিসি প্যানেল থেকে একজনকে বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর রাষ্ট্রপতি আগামী ৪ বছরের জন্য উপাচার্য হিসেবে নিয়োগ দেবেন।

গোলাপি দল এবার নির্বাচনে অংশগ্রহণ করছে না। সরকার সমর্থক সাদা দল ও আওয়ামী লীগ সমর্থিত নীল দল নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছে। বিশ্ববিদ্যালয়ের বার্ষিক সিনেট অধিবেশনে উপাচার্যের সিনেট বক্তৃতাশেষে নির্বাচনে ভোটগ্রহণ করা হবে। সাদা দলের প্রার্থীরা হলেন বর্তমান উপাচার্য অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরী, বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আ. ফ ম ইউসুফ হায়দার ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক মোহাম্মদ আসাদুজ্জামান। গতকাল রাত পর্যন্ত নীল দলের প্যানেল চূড়ান্ত করতে বৈঠক চলছিল। শেষ খবর পাওয়া পর্যন্ত নীল দলের সম্ভাব্য প্রার্থী হিসেবে ৪ জনের নাম পাওয়া গেছে।